



Sheffield Occupational Health Advisory Service

## কালো এবং সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য কর্মক্ষেত্রের স্বাস্থ্য বিষয়ক কর্মসূচি

### বুলিং (ভয় দেখিয়ে বা বল প্রয়োগে কিছু করানো) (BULLYING - Bangla)

বুলিং কোন অবস্থাতেই কর্মক্ষেত্রে গ্রহণযোগ্য নয় এবং ইহা প্রায়ই উৎপীড়ন, বৈষম্যতা বা দুর্বলতার স্বযোগ নেয়ার সাথে সম্পর্কিত হয়ে থাকে।

- উপরে উল্লিখিত সবগুলিই অবৈধ।
- ব্যবস্থাপক বা অন্যান্য কর্মী কর্তৃক বুলিং, উৎপীড়ন, বৈষম্যমূলক আচরণ বা দুর্বলতার স্বযোগ নেয়া থেকে আপনাকে রক্ষা করার ব্যাপারে নিয়োগকারীর আইনগত বাধ্যবাধকতা রয়েছে।
  - উৎপীড়ন - (ব্যবস্থাপক বা কোন কর্মী কর্তৃক) এমন কোন আচরণ যা আপনার অপছন্দ বা ন্যায়সঙ্গত নয় বা আপনার প্রতি আক্রমণাত্মক।
  - বৈষম্যমূলক আচরণ - অন্যদের তুলনায় আপনাকে যদি কম স্বযোগ-স্ববিধা দেয়া হয়, বিশেষ করে ইহা যদি আপনার বর্ণ, ধর্ম, জাতীয়তা, লিঙ্গ, পঙ্গুত্ব বা যৌনতা ইত্যাদির কারণে হয়ে থাকে।
  - বুলিং - হচ্ছে শারীরিক ক্ষমতা বা উচ্চপদস্থ ক্ষমতার অপব্যবহার; যার ফলে আপনি কষ্ট পান, অসহায়, নির্বল বা রাগান্বিত বোধ করেন।
  - দুর্বলতার স্বযোগ নেয়া - উপরে উল্লিখিত কোন কারণে আপনি হয়তো আইন অনুযায়ী বা কর্মচারীদের নীতি অনুসরণ করে কোন অভিযোগ করেছেন; ইহার ফলে আপনার প্রতি ভিন্ন আচরণ করা হচ্ছে বা সমান স্বযোগ দেয়া হচ্ছে না।

- আপনি যদি উপরে উল্লিখিত এক বা একাধিক বিষয়ের শিকার হয়ে থাকেন এবং উহার প্রতিকূলে কিছু করার ব্যাপারে নিজেকে দুর্বল মনে করেন তবে তা আমাদেরকে জানাতে পারেন; আমরা আপনাকে পরামর্শ ও সহায়তা দিতে পারি।

যদি আপনি উপরের কোন বিষয়ে আরো বিস্তারিত তথ্যাদি জানতে চান বা গোপনীয়ভাবে পরামর্শ নিতে চান, তবে আমাদের সিটি সেন্টারের অফিসে অথবা কোন জি.পির সার্জারীতে এপয়েন্টম্যান্টের (সাক্ষাৎ) জন্য বলুন।

**Sheffield Occupational Health Advisory Service**  
BME Workplace Health Programme  
Third Floor, Queen's Building, 55 Queen Street,  
Sheffield S1 2DX

Tel. No: 0114 278 6165      Email: [nasim.ali@sohas.co.uk](mailto:nasim.ali@sohas.co.uk)

This leaflet has been funded with the support of the Lloyds TSB Foundation for England and Wales